

## **া** সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১০৭৬

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২১৯. জুমু'আহর সালাতের পোশাক সম্পর্কে

# باب اللُّبْسِ لِلْجُمُعَةِ

#### আরবী

حَدَّثَنَا الْقَعْنَبِيُّ، عَنْ مَالِكِ، عَنْ نَافِعٍ، عَنْ عَبْدِ اللهِ بْنِ عُمَرَ، أَنَّ عُمَرَ بْنَ الْخَطَّابِ، رَأَى حُلَّةً سِيَرَاءَ \_ يَعْنِي تُبَاعُ عِنْدَ بَابِ الْمَسْجِدِ \_ فَقَالَ يَا رَسُولَ اللهِ لَوِ اشْتَرَيْتَ هَذِهِ فَلَبِسْتَهَا يَوْمَ الْجُمُعَةِ وَلِلْوَفْدِ إِذَا قَدِمُوا عَلَيْكَ . فَقَالَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم " فَلَبِسْتَهَا يَوْمَ الْجُمُعَةِ وَلِلْوَفْدِ إِذَا قَدِمُوا عَلَيْكَ . فَقَالَ رَسُولُ اللهِ صلى الله عليه إنَّمَا يَلْبَسُ هَذِهِ مَنْ لَا خَلَاقَ لَهُ فِي الآخِرَةِ " . ثُمَّ جَاءَتْ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم مِنْهَا حُلَلٌ فَأَعْطَى عُمَرَ بْنَ الْخَطَّابِ مِنْهَا حُلَّةً فَقَالَ عُمَنُ كَسَوْتَنِيهَا يَا رَسُولَ اللهِ وَقَدْ قُلْتَ فِي حُلَّةِ عُطَارِدَ مَا قُلْتَ فَقَالَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم " إِنِّي لَمْ وَقَدْ قُلْتَ فِي حُلَّةٍ عُطَارِدَ مَا قُلْتَ فَقَالَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم " إِنِّي لَمْ وَقَدْ قُلْتَ فِي حُلَّةٍ عُطَارِدَ مَا قُلْتَ فَقَالَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم " إِنِّي لَمْ أَكْسُكَهَا لِتَلْبَسَهَا " . فَكَسَاهَا عُمَنُ أَخًا لَهُ مُشْرِكًا بِمَكَّةَ .

\_ صحیح : ق

#### বাংলা

১০৭৬। 'আবদুল্লাহ ইবনু 'উমার (রাঃ) সূত্রে বর্ণিত। 'উমার ইবনুল খান্তাব (রাঃ) মসজিদে নববীর দরজার সামনে রেশমী পোশাক বিক্রি হতে দেখে বললেন, হে আল্লাহর রসূল! আপনি এ পোশাক খরিদ করলে এটি জুমু'আহর দিনে এবং আপনার কাছে প্রতিনিধি দলের আগমনকালে পরিধান করতে পারতেন। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ এটা তো তারাই পরবে আখিরাতে যাদের জন্য কিছুই থাকবে না। পরবর্তীতে ঐ ধরনের কিছু কাপড় রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কাছে আসলে তার একখানা কাপড় তিনি 'উমার ইবনুল খান্তান (রাঃ)-কে প্রদান করেন। তিনি বললেন, হে আল্লাহর রসূল! আপনি আমাকে পরার জন্য এ কাপড় দিলেন। অথচ ইতিপূর্বে আপনি উত্বারিদ (নামক ব্যক্তির) কাপড় সম্পর্কে যা বলার বলেছেন। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ আমি এ কাপড় তোমাকে পরার জন্য দেইনি। অতঃপর 'উমার (রাঃ) কাপড়িটি মক্কাহর অধিবাসী তার এক মুশরিক ভাইকে দিয়ে দেন।[1]



সহীহ: বুখারী ও মুসলিম।

## **English**

'Abd Allah b. 'Umar said:

'Umar b. al-Khattab saw a silken suit sold at the gate of the mosque. He said: Messenger of Allah, would that you purchase this suit and wear it on Friday and on the occasion when a delegation (from the outside) comes to you. The Messenger of Allah () said: One who has no share in the afterlife will put on this (suit). Afterwards suits of similar nature were brought to the Messenger of Allah (). He gave 'Umar b. al-Khattab one of these suits. 'Umar said: Messenger of Allah, you are giving it to me for use while you had told me such-and-such about the suit of 'Utarid (I.e. sold by 'Utarid). The Messenger of Allah () said: I did not give it to you that you should wear it. Hence 'Umar gave it to his brother who was a disbeliever at Mecca for wearing.

### ফুটনোট

[1] বুখারী (অধ্যায় : জুমু'আহ, অনুঃ যা আছে তার মধ্য হতে উত্তম পোষাক পরবে, হাঃ ৮৮৬), মুসলিম (অধ্যায় : পোশাক-পরিচ্ছদ, অনুঃ নারী ও পুরুষ উভয়ের জন্য স্বর্ণ ও রৌপ্য নির্মিত পাত্র ব্যবহার হারাম এবং পুরুষের জন্য রেশমী পোশাক হারাম)।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন